বাংলাদেশ চা বোর্ড
প্রকল্প উন্নয়ন ইউনিট
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
www.pduteaboard.gov.bd

স্মারক নং-পিডিইউ/এপিএ/এপিএএমএস এন্ড ওয়েব/৯৩০- ১৫৪৮(৭) তারিখঃ২২-০১-২০২৩ খ্রি:

## সভার নোটিশ

অত্র কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের নিমিত্তে গঠিত নৈতিকতা কমিটির ৩য় সভা আগামী ২৪/০১/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সকল সদস্যবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

(ড. এ, কে, এম, রফিকুল হক)
পরিচালক
ই-মেইলঃ directorbtbpdu@gmail.com
মোবাইলঃ ০১৭১১-৮৬৭৪৮৪

বিতরণঃ প্রয়োজনীয় কার্যার্থে।

১। জনাব মোঃ রেজাউল করিম, উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
২। জনাব মোঃ জহিরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (পূর্ত), বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৩। জনাব মোহাম্মদ মনিরুজ্জামান আকন্দ, সহকারী উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। জনাব মোঃ আবু ইউসুফ, হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। জনাব সৈয়দ শাকিল আহমেদ, প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৬। পিএ টু, পরিচালক, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৭। অফিস কপি।

CamScanner

## বাংলাদেশ চা বোর্ড
### প্রকল্প উন্নয়ন ইউনিট
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
www.pduteaboard.gov.bd

অত্র কার্যালয়ে ২৪/০১/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের নিমিত্ত গঠিত নৈতিকতা কমিটির ৩য় সভার উপস্থিতি পত্র।

| ক্রমিক | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ রেজাউল করিম, উন্নয়ন কর্মকর্তা ও সদস্য। | ০১৭১৯-৪৬৮০৯০ | (স্বাক্ষরিত) ২৪/০১/২০২৩ |
| ২। | জনাব মোঃ জহিরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (পূর্ত) ও সদস্য। | ০১৭১২-৫৯৫১৮৯ | (স্বাক্ষরিত) ২৪/০১/২৩ |
| ৩। | জনাব মোহাম্মদ মনিরুজ্জামান আকন্দ, সহকারী উন্নয়ন কর্মকর্তা ও সদস্য। | ০১৭৫৩-৮৮১৭২২ | |
| ৪। | জনাব মোঃ আবু ইউসুফ, হিসাব রক্ষণ কর্মকর্তা ও সদস্য। | ০১৫৫৭-৩৩০৫৩১ | (স্বাক্ষরিত) ২৪/০১/২০২৩ |
| ৫। | জনাব সৈয়দ শাকিল আহমেদ, প্রশাসনিক কর্মকর্তা ও সদস্য-সচিব | ০১৭১৯-৬৮৭৮৯০ | (স্বাক্ষরিত) ২৪/০১/২০২৩ |

CamScanner

# বাংলাদেশ চা বোর্ড
## প্রকল্প উন্নয়ন ইউনিট
## শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে নৈতিকতা কমিটির ২য় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অবস্থা ও ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি: ড. এ. কে. এম. রফিকুল হক
পরিচালক, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভার তারিখ ও সময়: ২৪ জানুয়ারি, ২০২৩ খ্রি. সকাল ১১.৩০ ঘটিকা।
সভার স্থান: পরিচালক, পিডিইউ এর অফিস কক্ষ।

সভাপতি সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও প্রকল্প উন্নয়ন ইউনিটের প্রশাসনিক কর্মকর্তা জানান মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং বাংলাদেশ চা বোর্ডের সাথে চুক্তি অনুযায়ী প্রত্যেক প্রান্তিক ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা করে বাংলাদেশ চা বোর্ড প্রধান কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প উন্নয়ন ইউনিটের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করা হয়। নৈতিকতা কমিটির সভাপতি ও প্রকল্প উন্নয়ন ইউনিটের পরিচালক, ড. এ. কে. এম. রফিকুল হক, ২য় কোয়ার্টার এর সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অবস্থা সম্পর্কে জানতে চান। নিম্নে বিগত সভার বাস্তবায়ন অবস্থা উপস্থাপন করা হলো।

বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অবস্থাঃ

| ক্রমিক | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অবস্থা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ক. | প্রকল্প উন্নয়ন ইউনিট কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য শুদ্ধাচার সংক্রান্ত সরাসরি/জুম প্ল্যাটফর্ম এর মাধ্যমে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | সিদ্ধান্ত অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের জন্য শুদ্ধাচার সংক্রান্ত সরাসরি/জুম প্ল্যাটফর্ম এর মাধ্যমে প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে। | উন্নয়ন কর্মকর্তা/ সহকারী উন্নয়ন কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা |
| খ. | জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের সকল কার্যক্রম এর প্রমাণকসমূহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজন অনুযায়ী চা বোর্ড প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | সিদ্ধান্ত অনুযায়ী শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে কার্যক্রম এর প্রমাণকসমূহ যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে এবং প্রয়োজন অনুযায়ী চা বোর্ড প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়। | উন্নয়ন কর্মকর্তা/ সহকারী উন্নয়ন কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা |
| গ. | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের কোয়ার্টার ভিত্তিক কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। | সিদ্ধান্ত অনুযায়ী কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের কোয়ার্টার ভিত্তিক কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অব্যাহত আছে। | উন্নয়ন কর্মকর্তা/ সহকারী উন্নয়ন কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা |
| ঘ. | ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ে চা বোর্ড প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং প্রকল্প উন্নয়ন ইউনিটের ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | সিদ্ধান্ত অনুযায়ী ২য় ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ে চা বোর্ড প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | উন্নয়ন কর্মকর্তা/ সহকারী উন্নয়ন কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা |



CamScanner

২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সর্বদা সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক. অফিসের শৃঙ্খলা বজায় রাখা এবং নির্ধারিত সময়ের মধ্যে অফিসে আসা এবং অফিস ত্যাগ করা।

খ. সকল কর্মকর্তা-কর্মচারীদের বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়া।

গ. অফিসের ব্যয় সংকোচনে ষ্টেশনারী সামগ্রী ও অন্যান্য দ্রব্যাদি ব্যবহারে মিতব্যায়ী হওয়া।

ঘ. ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ে চা বোর্ড প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং প্রকল্প উন্নয়ন ইউনিটের ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮।৩।২৩

(ড. এ. কে. এম. রফিকুল হক)
পরিচালক
ই-মেইলঃ directorbtbpdu@gmail.com
মোবাইলঃ ০১৭১১-৮৬৭৪৮৪

স্মারক নং-পিডিইউ/এপিএ/এপিএএমএস এন্ড ওয়েব/৯৩০- ৯৫৮০

তারিখঃ ২৮-০৩-২০২৩ খ্রি.

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী সড়ক, নাসিরাবাদ, চট্টগ্রাম।
২। জনাব মোঃ রেজাউল করিম, উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৩। জনাব মোঃ জহিরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (পূর্ত), বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। জনাব মোহাম্মদ মনিরুজ্জামান আকন্দ, সহকারী উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। জনাব মোঃ আবু ইউসুফ, হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৬। জনাব সৈয়দ শাকিল আহমেদ, প্রশাসনিক কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৭। পি এ টু, পরিচালক, বাংলাদেশ চা বোর্ড, প্রকল্প উন্নয়ন ইউনিট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৮। অফিস কপি।

২৮।৩।২৩
পরিচালক



CamScanner